ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা-১০০০

www.dscc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক সংখ্যা- ৪৬.২০৭.০১৮.০৪.০০.০৫৭.২০২২- ৪৮৪

তারিখ ঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৩ জুন ২০২২ খ্রিস্টাব্দ

দপ্তর আদেশ

২৪ আগস্ট ২০২১ তারিখের ৬৪৫ নম্বর দপ্তর আদেশমূলে জারিকৃত "ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন সামাজিক অনুষ্ঠান কেন্দ্র (কমিউনিটি সেন্টার)/নাট্যমঞ্চ/মিলনায়তনসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার নীতিমালা-২০২১"এর ১২ নম্বর অনুচ্ছেদটি নিম্নলিখিতভাবে সংযোজনক্রমে প্রতিস্থাপন করার অনুমোদন করা হলো :

বিদ্যমান অনুচ্ছেদ নম্বর-১২	সংযোজনকক্রমে প্রতিস্থাপন
তালিকাভুক্ত ডেকোরেশন প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত অনুষ্ঠান বিল বাবদ টাকা আদায়ের ক্ষেত্রে অনুষ্ঠানকারীদের বিলের রসিদ প্রদান করবেন এবং এর একটি অনুলিপি সংশ্লিষ্ট কেয়ারটেকারকে প্রদান করবেন। সংশ্লিষ্ট কেয়ারটেকার নির্ধারিত রেজিস্টারে অনুলিপিটি সংরক্ষণ করবেন।	১২। ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন প্রতিটি সামাজিক অনুষ্ঠান কেন্দ্রের জন্য সংবাদপত্রে/ ইলেক্ট্রনিক মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশ করে বাবুর্চি/খাদ্য সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রতিবছর নিবন্ধন করা যাবে। নিবন্ধনের ফি ও শর্ত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত হবে। নিবন্ধনের আবেদন অনুচ্ছেদ-১০ এ বর্ণিত কমিটি দ্বারা মূল্যায়ণ করে মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদন নিতে হবে। ১২। খ) তালিকাভুক্ত বাবুর্চি/খাদ্য সরকরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত অনুষ্ঠানের বিল বাবদ টাকা আদায়ের ক্ষেত্রে অনুষ্ঠানকারীদের বিলের রসিদ প্রদান করবেন এবং এর একটি অনুলিপি সংশ্লিষ্ট কেয়ারটেকারকে প্রদান করবেন। সংশ্লিষ্ট কেয়ারটেকার নির্ধারিত রেজিস্টারে অনুলিপিটি সংরক্ষণ করবেন।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

(আকরামুজ্জামান)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
ফোন--০২-২২৩৩৮৩৫০৭
secretary@dscc.gov.bd

স্মারক সংখ্যা- ৪৬.২০৭.০১৮.০৪.০০.০৫৭.২০২২- ৪৮৪

তারিখ ঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৩ জুন ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-....., ঢাদসিক।
০২। মেয়রের একান্ত সচিব, ঢাদসিক (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
০৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাদসিক।
০৪। প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাদসিক ।
০৫। নিরীক্ষা কর্মকর্তা, ঢাদসিক।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাদসিক (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। সিস্টেম এনালিস্ট, ঢাদসিক (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৮। সমাজকল্যাণ কর্মকর্তা/সহঃ সমাজকল্যাণ কর্মকর্তা, অঞ্চল- ....., ঢাদসিক।
০৯। শাখা সহকারী, সাধারণ প্রশাসন শাখা, ঢাদসিক।
১০। কেয়ার টেকার, ..., সামাজিক অনুষ্ঠান কেন্দ্র , ঢাদসিক।
১১। সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাদসিক।
১২। অফিস কপি (নথি নং-৪৬.২০৭.০১৮.০৪.০০.০৫৭.২০২২, তারিখ-১/৬/২০২২ খ্রিঃ)।

(মুহাম্মদ মোতালেব)
সহকারী সচিব
সাধারণ প্রশাসন শাখা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।